

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে  
গৃহীত কর্মসূচী যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রভুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ	:	০৬ শ্রাবণ ১৪২৬ ২১ জুলাই, ২০১৯
সময়	:	বিকাল ০৩.০০ টা
স্থান	:	সভা কক্ষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন নগর ভবন, লেভেল-৮
সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"		

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। ১৫ আগস্ট ২০১৯ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের করণীয় ও কর্মসূচি প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়	জাতীয় পতাকা অর্ধনমিতকরণ												
আলোচনা	<p>১৫ আগস্ট ২০১৯ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।</p> <p>জাতীয় পতাকার সঠিক মাপ, রং ও যথাযথ মর্যাদার সাথে উত্তোলনের বিষয় নিশ্চিত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের বিষয়েও সভায় আহ্বান জানানো হয়।</p> <p>১৫ আগস্ট ২০১৯ জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়, ৮১ গুলশান এভিনিউ কার্যালয়, গুলশান ৯০ নম্বর রোডের ডিএনসিসি কার্যালয় এবং ৫টি আঞ্চলিক অফিসসহ ডিএনসিসি'র সকল দাপ্তরিক ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।</p> <p>উত্তোলনকৃত জাতীয় পতাকার সঠিক পরিমাপ, রং ইত্যাদি সঠিক আছে কিনা তা পরীক্ষা করে দেখার জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। এছাড়াও ডিএনসিসি'র আওতাভুক্ত এলাকায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, হেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রভুত করা ইত্যাদি বিষয়সমূহ পর্যবেক্ষণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</p> <p>ডিএনসিসি'র কার্যালয়সমূহে জাতীয় পতাকা নতুনভাবে ০২ (দুই) সেট করে তৈরী করে রাখার জন্য প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</p>												
গৃহীত সিদ্ধান্ত	<table><thead><tr><th>ক্রম</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr></thead><tbody><tr><td>১.</td><td>১৫ আগস্ট ২০১৯ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।</td><td>১. বিভাগীয় প্রধান (সকল) ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)</td></tr><tr><td>৩.</td><td>১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়, ৮১ গুলশান এভিনিউ কার্যালয়, গুলশান ৯০ নম্বর রোডের ডিএনসিসি কার্যালয় এবং ৫টি আঞ্চলিক অফিসসহ ডিএনসিসি'র দাপ্তরিক স্থাপনাসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।</td><td>১. বিভাগীয় প্রধান (সকল) ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)</td></tr><tr><td>৪.</td><td>ডিএনসিসি'তে উত্তোলনকৃত জাতীয় পতাকার সঠিক পরিমাপ, রং</td><td>প্রধান সমাজকল্যাণ ও বস্তি</td></tr></tbody></table>	ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন	১.	১৫ আগস্ট ২০১৯ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	১. বিভাগীয় প্রধান (সকল) ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)	৩.	১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়, ৮১ গুলশান এভিনিউ কার্যালয়, গুলশান ৯০ নম্বর রোডের ডিএনসিসি কার্যালয় এবং ৫টি আঞ্চলিক অফিসসহ ডিএনসিসি'র দাপ্তরিক স্থাপনাসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	১. বিভাগীয় প্রধান (সকল) ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)	৪.	ডিএনসিসি'তে উত্তোলনকৃত জাতীয় পতাকার সঠিক পরিমাপ, রং	প্রধান সমাজকল্যাণ ও বস্তি
ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন											
১.	১৫ আগস্ট ২০১৯ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	১. বিভাগীয় প্রধান (সকল) ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)											
৩.	১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়, ৮১ গুলশান এভিনিউ কার্যালয়, গুলশান ৯০ নম্বর রোডের ডিএনসিসি কার্যালয় এবং ৫টি আঞ্চলিক অফিসসহ ডিএনসিসি'র দাপ্তরিক স্থাপনাসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	১. বিভাগীয় প্রধান (সকল) ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)											
৪.	ডিএনসিসি'তে উত্তোলনকৃত জাতীয় পতাকার সঠিক পরিমাপ, রং	প্রধান সমাজকল্যাণ ও বস্তি											

	ইত্যাদি সঠিক আছে কিনা তা পরীক্ষা করে দেখার জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়।	উন্নয়ন কর্মকর্তা
৫.	ডিএনসিসি'র আওতাভুক্ত এলাকায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, হেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করা ইত্যাদি বিষয়সমূহ পর্যবেক্ষণের জন্য স্ব স্ব আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এবং বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ সাজিদ আনোয়ারকে দায়িত্ব প্রদান করা হয়।	১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) ২. জনাব মোঃ সাজিদ আনোয়ার, বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট
৩.	জাতীয় পতাকা নতুনভাবে ০২ (দুই) সেট করে তৈরি করে রাখার জন্য প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা পদক্ষেপ গ্রহণ করবেন।	প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা

আলোচ্য বিষয়	১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদের কবরে (ঢাকার বনানী কবরস্থানে) সকাল ০৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ, ফাতেহা পাঠ ও দোয়া।		
আলোচনা	<p>১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদের কবরে (ঢাকার বনানী কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ ও ফাতেহা পাঠ ও দোয়া উপলক্ষে অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপুরায়ুক্ত প্যাভেল স্থাপনসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> <p>বনানী কবরস্থানের আশেপাশের বাড়ী রং করানোর জন্য বাড়ির মালিকদের অনুরোধ করে পত্র দেয়ার জন্য আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ কে অনুরোধ করা হয়।</p> <p>উন্মুক্ত আলোচনায় অংশ নিয়ে সদস্যগণ বলেন, বনানী কবরস্থানের ত্রিপুরায়ুক্ত প্যাভেল এবং সিলিং এমনভাবে করা প্রয়োজন যেন কোন অবস্থাতেই বর্ষার পানি প্রবেশ না করে। সভায় আরো জানানো হয়, বনানী কবরস্থানে বানরের উৎপাত রয়েছে। ত্রিপুরায়ুক্ত প্যাভেলের নির্মাণ এমনভাবে করতে হবে যাতে বানর এর অনাকাঙ্ক্ষিত অনুপ্রবেশ রোধ করা যায়। বানর এর অনাকাঙ্ক্ষিত অনুপ্রবেশ রোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p> <p>তাহাড়া আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ, ফাতেহা পাঠ ও দোয়া উপলক্ষে বনানী কবরস্থানের ইমারত এর ছাদের ফুলের টব অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মেও সভায় উল্লেখ করা হয়।</p> <p>বনানী কবরস্থানে নির্মিত প্যাভেল এর আশেপাশে লাইটিং এর ব্যবস্থা গ্রহণ, মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে বনানী কবরস্থানের ভিডিআইপি কক্ষ ধোয়া মোছাসহ প্রয়োজনীয় সংস্কার করণ, ভিআইপি কক্ষের আসবাবপত্র ও সরঞ্জামাদি যথাযথভাবে প্রস্তুত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p> <p>বনানী কবরস্থানে অবস্থানরত ডিএনসিসি'র কর্মকর্তা/কর্মচারীদের এসবি পাশ সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগের মাধ্যমে সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক আগামী ১৩/০৮/২০১৯ তারিখ রাত ১২.০০ টার মধ্যে বনানী কবরস্থানের আশেপাশের সকল ব্যানার, পোস্টার, ফেস্টুন অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বনানী কবরস্থানে ভিআইপি অতিথিদের জন্য প্রয়োজনীয় পানীয় জল, কমপক্ষে ২০ টি বড় ছাতা মজুদ রাখা এবং মোনাজাত পরিচালনার জন্য নিয়মিত ইমামসহ বিকল্প ইমাম এর (এসবি পাশসহ) উপস্থিত নিশ্চিত করণের জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</p> <p>এছাড়াও সভাপতি, বনানী কবরস্থানে স্থাপিত স্থায়ী ফুলের টবে দৃষ্টিনন্দন ফুলের গাছ লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলীকে অনুরোধ জানান।</p>		
গৃহীত সিদ্ধান্ত	ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	১.	বনানী কবরস্থান, অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।	<ul style="list-style-type: none"> <li>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা</li> <li>প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা</li> </ul>

		<ul style="list-style-type: none"> <li>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩</li> </ul>
২.	বনানী কবরস্থান এলাকায় ত্রিগলযুক্ত পানি নিরোধক (ওয়াটার পুফ) প্যাভেল স্থাপনা।	প্রধান প্রকৌশলী
৩.	বনানী কবরস্থান, পার্শ্ববর্তী এলাকা ও প্যাভেলে পর্যাপ্ত লাইটিং এর ব্যবস্থা গ্রহণ।	প্রধান প্রকৌশলী
৪.	বানর এর অনাকাঙ্ক্ষিত অনুপ্রবেশ এড়াতে প্যাভেল এর সিলিং ভালোভাবে করতে হবে এবং বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষকে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>প্রধান প্রকৌশলী</li> <li>মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</li> <li>প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা</li> </ul>
৫.	১৫ আগস্ট ২০১৯ উপলক্ষে বনানী কবরস্থানের ছাদের ফুলের টব (নিরাপত্তার স্বার্থে) অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
৬.	বনানী কবরস্থান এলাকায় যদি সম্ভব হয় ফুলের টবে দৃষ্টিনন্দন ফুলের গাছ লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তবে এ ক্ষেত্রে নিরাপত্তাজনিত বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার পূর্বক বিবেচনা করতে হবে।	প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
৭.	বনানী কবরস্থানের আশেপাশের বাড়ীগুলোর রং করানোর জন্য বাড়ির মালিকদের অনুরোধ জানাতে হবে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
৮.	বনানী কবরস্থানের অফিস/বিশ্রাম কক্ষ/ভিডিআইপি কক্ষ ধোয়া মোছাসহ প্রয়োজনীয় সংস্কার, মানসম্মত টয়লেট, টয়লেট্ট্রিজ, টয়লেটে প্রবেশের স্যাভেল, শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র, লাইটিং এবং ভিডিআইপি কক্ষের আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জামাদি যথাযথভাবে প্রস্তুত রাখতে হবে।	<ul style="list-style-type: none"> <li>প্রধান প্রকৌশলী</li> <li>প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা</li> </ul>
৯.	অনুষ্ঠানের দিন বনানী কবরস্থানে ডিএনসিসি'র যেসব কর্মকর্তা/কর্মচারি অবস্থান করবে তাদের এসবি পাশ সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
১০.	আগামী ১৩/০৮/২০১৮ খ্রি: তারিখ রাত ১২.০০ টার মধ্যে বনানী কবরস্থানের আশে পাশের সকল ব্যানার, পোস্টার, ফেস্টুন অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
১১.	বনানী কবরস্থানে ভিআইপি অতিথিদের জন্য প্রয়োজনীয় খাবার পানি ও কমপক্ষে ২০টি বড় ছাতা মজুদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ছাড়াও আগত অতিথি ও কর্মকর্তাদের বসার জন্য ব্যবস্থা রাখতে হবে।	প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
১২.	পবিত্র কোরআন তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাত পরিচালনার জন্য নিয়মিত ঈমামসহ বিকল্প ঈমাম (এসবি পাশসহ) এর উপস্থিতি নিশ্চিত করণ।	প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
১৩.	১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদের কবরে ডিএনসিসি'র পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদনের লক্ষে প্রয়োজনীয় সংখ্যক পুষ্পস্তবক প্রস্তুত রাখা হবে।	প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
১৪.	আসন্ন ঈদ-উল-আযহার কারণে অফিস-আদালত বন্ধ হয়ে যাবে বিধায় সকল প্রস্তুতি আগামী ০৭ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করে ফেলার সিদ্ধান্ত গৃহীত হয়।	<ul style="list-style-type: none"> <li>প্রধান প্রকৌশলী</li> <li>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা</li> </ul>

			কর্মকর্তা ● আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ ● প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা ● তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) ● নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৩
আলোচ্য বিষয়	ধানমন্ডি ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ		
আলোচনা	স্থানীয় সরকার বিভাগের কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ০৯.০০ ঘটিকার সময় ধানমন্ডি ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ উপলক্ষে ডিএনসিসি'র সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তা/কর্মচারিকে ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ০৮.৩০ টার পূর্বে কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তায় সমবেত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকালে ধানমন্ডি যাওয়ার জন্য কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের সুবিধার্থে পরিবহন বিভাগ হতে গাড়ী সরবরাহ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য মানসম্মত ০২টি ফুলের তোড়া, প্রয়োজনীয় সংখ্যক কালো ব্যাচ এবং একটি ব্যানার তৈরির জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে সভায় অনুরোধ জানানো হয়।		
গৃহীত সিদ্ধান্ত	ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	১.	স্থানীয় সরকার বিভাগের কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ০৯.০০ ঘটিকার সময় ধানমন্ডি ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সমন্বিতভাবে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ উপলক্ষে ডিএনসিসি'র সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তা/কর্মচারীগণ ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ০৮.৩০ টার পূর্বে কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তায় সমবেত হবেন। শ্রমিক সংগঠনসমূহের সভাপতি/সাধারণ সম্পাদকগণ প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়ে ১৫ আগস্ট ২০১৯ তারিখ সকাল ০৮.৩০ টার পূর্বে কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তায় সমবেত হবেন।	● সম্মানিত কাউন্সিলর (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ● বিভাগীয় প্রধান (সকল) ● আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) ● সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন শ্রমিক কর্মচারী লীগ/স্কাভেঞ্জার্স এন্ড ওয়ার্কাস ইউনিয়ন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন পরিবহন চালক ও শ্রমিক কর্মচারী ইউনিয়ন।
	২.	১৫ আগস্ট ২০১৯ তারিখ সকালে ধানমন্ডি ৩২ নম্বরে যাওয়ার জন্য কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের সুবিধার্থে পরিবহন বিভাগ হতে গাড়ী সরবরাহ করা হবে।	মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি
	৩.	জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের জন্য মানসম্মত ২টি ফুলের তোড়া, প্রয়োজনীয় সংখ্যক কালো ব্যাচ এবং একটি ব্যানার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
আলোচ্য বিষয়	জাতীয় শোক দিবস উপলক্ষে মসজিদে বিশেষ মোনাজাত ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা		
আলোচনা ও সিদ্ধান্ত	কেন্দ্রীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ১৫ আগস্ট ২০১৯ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের		

	আওতাধীন এলাকার মসজিদসমূহে বাদ জোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে। সকল সম্মানিত কাউন্সিলর ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ বিষয়টি নিশ্চিত করবেন।		
বাস্তবায়ন	সম্মানিত কাউন্সিলর (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন		
আলোচ্য বিষয়	<b>জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন</b>		
আলোচনা	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে আগামী ১৯ আগস্ট ২০১৯ তারিখ বাদ আছর ডিএনসিসি'র প্রধান কার্যালয় এবং ডিএনসিসি'র ১০টি আঞ্চলিক কার্যালয়ে আলাদাভাবে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে।  দোয়া মাহফিলে ব্যয় নির্বাহের জন্য প্রতিটি অঞ্চলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে বরাদ্দ প্রদান এবং প্রধান কার্যালয়ের আলোচনা ও দোয়া মাহফিলের জন্য তবারক, সাউন্ড সিস্টেমসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।		
গৃহীত সিদ্ধান্ত	ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	১.	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে আগামী ১৯ আগস্ট ২০১৯ তারিখ বাদ আছর ডিএনসিসি'র প্রধান কার্যালয় এবং ডিএনসিসি'র ১০টি আঞ্চলিক কার্যালয়ে আলাদাভাবে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হবে।	<ul style="list-style-type: none"> <li>প্রধান নির্বাহী কর্মকর্তা, ডিএনসিসি</li> <li>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)</li> </ul>
	২.	দোয়া মাহফিলের ব্যয় নির্বাহের জন্য প্রতিটি অঞ্চলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে বরাদ্দ প্রদান করা হবে। প্রধান কার্যালয়ের আলোচনা ও দোয়া মাহফিলের জন্য তবারক, ব্যানার তৈরি, আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ, সাউন্ড সিস্টেমসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়।	<ul style="list-style-type: none"> <li>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)</li> <li>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা</li> <li>প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা</li> </ul>
আলোচ্য বিষয়	<b>জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কমিটি গঠন</b>		
আলোচনা	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষে (ক) কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (খ) বনানী কবরস্থানের সার্বিক ব্যবস্থাপনা উপ-কমিটি (গ) আলোচনা সভা ও মিলাদ মাহফিল বাস্তবায়ন ও তদারকি উপ-কমিটি এবং (ঘ) ধানমন্ডি-৩২ নম্বরে পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম তদারকি উপ-কমিটি গঠনের প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।		
গৃহীত সিদ্ধান্ত	বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত কমিটি ও উপ-কমিটি গঠনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়: <b>কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি:</b>		
	১.	জনাব মোঃ আতিকুল ইসলাম, মাননীয় মেয়র	আহ্বায়ক
	২.	প্রধান নির্বাহী কর্মকর্তা	সদস্য
	৩.	সম্মানিত কাউন্সিলর (সকল)	সদস্য
	৪.	বিভাগীয় প্রধান (সকল)	সদস্য
	৫.	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)	সদস্য
	<b>বনানী কবরস্থানের সার্বিক ব্যবস্থাপনা উপকমিটি:</b>		
	১.	সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯	আহ্বায়ক
	২.	প্রধান প্রকৌশলী	সদস্য

৩.	প্রধান স্বাস্থ্য কর্মকর্তা	-	সদস্য
৪.	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা	-	সদস্য
৫.	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩	-	সদস্য
৬.	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা	-	সদস্য
৭.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)	-	সদস্য
৮.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক)	-	সদস্য
৯.	নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৩	-	সদস্য

**আলোচনা সভা ও দোয়া মাহফিল বাস্তবায়ন উপকমিটি:**


১.	জনাব মোঃ জামাল মোস্তফা, সম্মানিত প্যানেল মেয়র	-	আহ্বায়ক
২.	প্রধান রাজস্ব কর্মকর্তা	-	সদস্য
৩.	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা	-	সদস্য
৪.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)	-	সদস্য
৫.	স্বাস্থ্য কর্মকর্তা	-	সদস্য
৬.	উপ প্রধান রাজস্ব কর্মকর্তা (পৌরকর)	-	সদস্য

**খানমন্ডি-৩২ নম্বরে পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম বাস্তবায়ন উপকমিটি:**

১.	প্রধান নির্বাহী কর্মকর্তা	-	আহ্বায়ক
২.	সচিব	-	সদস্য
৩.	অতিরিক্ত প্রধান প্রকৌশলী	-	সদস্য
৪.	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)	-	সদস্য
৫.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)	-	সদস্য
৬.	মহাব্যবস্থাপক (পরিবহন)	-	সদস্য
৭.	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা	-	সদস্য

<b>আলোচ্য বিষয়</b>	<b>চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজন</b>
আলোচনা ও সিদ্ধান্ত	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষে কেন্দ্রীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পৃষ্ঠপোষকতায় ডিএনসিসি'র ১০ অঞ্চলের প্রতিটি অঞ্চলের একটি করে শিক্ষা প্রতিষ্ঠানে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজন করা হবে। এ বিষয়ে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ স্থানীয় সম্মানিত কাউন্সিলরবৃন্দের সাথে পরামর্শক্রমে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে অনুষ্ঠান সম্পন্ন করবেন।
বাস্তবায়নকারী	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
<b>আলোচ্য বিষয়</b>	<b>জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি ডিসপ্লে'র মাধ্যমে প্রচারণা</b>
আলোচনা ও সিদ্ধান্ত	ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি ডিসপ্লে'র মাধ্যমে প্রচারণার ব্যবস্থা করা হবে।
বাস্তবায়নকারী	জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
 (মোঃ আতিকুল ইসলাম)  
 মেয়র  
 ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

নং-৪৬.১০.০০০০.০০৬.২৩.২০০.১৬- ৩১৪

তারিখঃ ০৬ জুলাই ২০১৬  
২১ জুলাই ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৫. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ...../সংরক্ষিত আসন নং ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. বিভাগীয় প্রধান (সকল) ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তীর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. উপ প্রধান রাজস্ব কর্মকর্তা (পৌরকর), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)/(বিদ্যুৎ)/(যান্ত্রিক)/টিইসি/পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ডিএনসিসি।
১২. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৩, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৬. অফিস কপি।

  
(রবীন্দ্রপ্রী বড়ুয়া)  
সচিব  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।